

# বাণিজ্য স্কুল এন্ড কলেজ

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা

বিষয় : প্রাথমিক গণিত

প্রথম অধ্যায় : গুণ

সংক্ষেপে উত্তর লেখ

ধরণ-১\*\*\*

১. গুণ কাকে বলে? \*\*\*

উত্তর : যোগের সংক্ষিপ্ত রূপকে গুণ বলে।

২. গুণফল নির্ণয়ের সূত্রটি লেখ। \*\*\*

উত্তর : গুণফল = গুণ্য × গুণক।

৩. গুণ্য নির্ণয়ের সূত্রটি লেখ। \*\*\*

উত্তর : গুণ্য = গুণফল ÷ গুণক।

৪. গুণক নির্ণয়ের সূত্রটি লেখ। \*\*\*

উত্তর : গুণক = গুণফল ÷ গুণ্য

৫. গুণক = গুণফল  গুণ্য। খালিঘরে কোন চিহ্ন বসবে? \*\*\*

উত্তর : ÷

৬. দুইটি রাশির গুণফলের পরিবর্তন হয় না কখন?

উত্তর : গুণ্য ও গুণকের স্থান বিনিময় করলে।

ধরণ-২\*\*\*

১.  $(৯৯৯ \times ৪৫)$  কে সহজ পদ্ধতিতে গুণ করতে হলে ৯৯৯ কে কীভাবে প্রকাশ করতে হবে? \*\*\*

উত্তর :  $(১০০০-১)$ ।

ধরণ-৩\*\*\*

১.  $৩২৫ \times ১০০ =$  কত? \*\*\*

উত্তর :  $৩২৫০০$ ।

২.  $৯৮৭৬ \times ১০০ =$  কত? \*\*\*

উত্তর :  $৯৮৭৬০০$ ।

৩.  $১৪৪২ \times ২০০ =$  কত? \*\*\*

উত্তর :  $২৮৮৪০০$ ।

৪.  $১১০ \times ১১০ =$  কত? \*\*\*

উত্তর :  $১২১০০$

৫.  $১০১০ \times ৫০০ =$  কত? \*\*\*

উত্তর :  $৫০৫০০০$

৬.  $১০০০ \times ৯৯৯ =$  কত? \*\*\*

উত্তর :  $৯৯৯০০০$ ।

৭. গুণ্য দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা এবং গুণক তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হলে গুণফল কত? \*\*\*

উত্তর :  $৯৯০০$ ।

ধরণ-৪\*\*\*

১. প্রত্যেককে ১০০ টাকা করে ১০০ জন শিক্ষার্থীকে দিতে মোট কত টাকা লাগবে? \*\*\*

উত্তর :  $১০০০০$  টাকা।

২. একটি চেয়ারের দাম ৯৯৯ টাকা হলে, এরূপ ১১১টি চেয়ারের দাম কত?

উত্তর :  $১১০৮৮৯$  টাকা।

৩. একটি গুদামে ৮৮৭০ কেজি চাল আছে। এরূপ ২৮০টি গুদামে কত কেজি চাল আছে?

উত্তর :  $২৪৮৩৬০০$  কেজি।

৪. একটি মালা গাঁথতে ১০০টি পুতি লাগলে এরূপ ৩২১টি মালা গাঁথতে কতটি পুতি লাগবে?

উত্তর :  $৩২১০০$ ।

৫. গুণক ১০ ও গুণফল ০ হলে গুণ্যের মান কত?

উত্তর : ০।

৬. ১টি টেবিলের দাম ৫০০০ টাকা। এরূপ ৫০০টি টেবিলের দাম কত?

উত্তর :  $২৫০০০০০$  টাকা।

## দ্বিতীয় অধ্যায় : ভাগ

### ধরণ-১\*\*\*

১. ভাজ্য কাকে বলে?  
উত্তর : যে সংখ্যাকে অন্য সংখ্যা দ্বারা ভাগ করা হয়, তাকে ভাজ্য বলে।
২. ভাজক কাকে বলে?  
উত্তর : যে সংখ্যা দ্বারা অন্য সংখ্যাকে ভাগ করা হয়, তাকে ভাজক বলে।
৩. ভাগশেষ কাকে বলে?  
উত্তর : ভাগ করার পর যে অবশেষ থাকে, তাকে ভাগশেষ বলে।
৪. নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে ভাজ্য নির্ণয়ের সূত্রটি লেখ।  
উত্তর : ভাজ্য = ভাজক  $\times$  ভাগফল
৫. নিঃশেষে বিভাজ্য না হলে, ভাজ্য নির্ণয়ের সূত্রটি লেখ।  
উত্তর : ভাজ্য = ভাজক  $\times$  ভাগফল + ভাগশেষ
৬. ভাগশেষ থাকলে, ভাজক নির্ণয়ের সূত্রটি কী?  
উত্তর : ভাজক = (ভাজ্য - ভাগশেষ)  $\div$  ভাগফল
৭. ভাগশেষ ও ভাজকের মধ্যে সম্পর্ক কী?  
উত্তর : ভাগশেষ  $<$  ভাজক।

### ধরণ-২\*\*\*

১.  $1812 \div 185 =$  কত?  
উত্তর : ১২৫।
২.  $92600 \div 100 =$ ?  
উত্তর : ৯২৬।
৩.  $8888 \div 8 =$  কত?  
উত্তর : ১১১১।
৪. ভাজ্য ২৫০০০ এবং ভাজক ১০০ হলে, ভাগফল কত?  
উত্তর : ২৫০।

### ধরণ-৩\*\*\*

১. শফিক সপ্তাহে ১৫৭৫ টাকা আয় করে। একদিনে তার আয় কত?  
উত্তর : ২২৫ টাকা।
২. ১৫টি টেবিলের দাম ৪৫০০০ টাকা হলে, ১টি টেবিলের দাম কত?  
উত্তর : ৩,০০০ টাকা।
৩. একটি বাসে ১০০ জন যাত্রী যেতে পারলে ৪৫০০ জন যাত্রীর জন্য কতটি বাস লাগবে?  
উত্তর : ৪৫টি।
৪. এক কুইন্টাল চালের দাম ৫৬০০ টাকা হলে, প্রতি কেজি চালের দাম কত?  
উত্তর : ৫৬ টাকা।
৫. একজন লোক ১ বছরে ২৪০০০ টাকা সঞ্চয় করেন। ১ মাসে কত টাকা সঞ্চয় হবে?  
উত্তর : ২০০০ টাকা।
৬. দৈনিক ১২০ কি.মি সাইকেল চালিয়ে কোনো ব্যক্তি ৬০০ কি.মি. পথ কত দিনে যেতে পারবে?  
উত্তর : ৫ দিন।

৭. ৩৫০ টাকা করে ৭০০০ টাকা কত জনের মধ্যে ভাগ করে দেয়া যাবে?  
উত্তর : ২০ জনকে
৮. ৫০০ টাকা করে ৮০০০ টাকা কত জনের মধ্যে ভাগ করে দেয়া যাবে?  
উত্তর : ১৬ জনকে

### ধরণ-৪\*\*\*

১. ভাজ্য ১৮৯০, ভাগশেষ ০, ভাজক ৪৫ হলে, ভাগফল কত?  
উত্তর : ৪২।
২. ভাজ্য ৩৫, ভাগফল ৫, ভাগশেষ শূন্য, ভাজক কত?  
উত্তর : ৭।
৩. ভাজ্য ৯৮৭৬৫ এবং ভাজক ১০০ হলে, ভাগশেষ কত?  
উত্তর : ৬৫।
৪. ভাজ্য ২৫০০০ এবং ভাজক ১০০ হলে, ভাগফল কত?  
উত্তর : ২৫০।

### ধরণ-৫

১. ৫৩১৪৬ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?  
উত্তর : ৬
২. ৯৬৩৭৩ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?  
উত্তর : ৩
৩. ২৪১৩ কে ১০০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?  
উত্তর : ১৩।
৪. ৮২৫০০ কে ১০০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে?  
উত্তর : ৮২৫
৫.  $5391 \div 100$  এর ভাগশেষ কত হবে?  
উত্তর : ৩

### ধরণ-৬

১. ৫০ কে কত দিয়ে গুণ করলে গুণফল ২৫০ হবে?  
উত্তর : ৫।
২. ২০ কে কত দিয়ে গুণ করলে গুণফল ২৪০ হবে?  
উত্তর : ১২।
৩. ৪০ কে কত দিয়ে গুণ করলে গুণফল ১৬০ হবে?  
উত্তর : ৮।

### ধরণ-৭

১. দুইটি সংখ্যার ভাগফল ১২, একটি সংখ্যা ৪ হলে, অপর সংখ্যাটি কত?  
উত্তর : ৪৮।
২. দুইটি সংখ্যার ভাগফল ১১, একটি সংখ্যা ৩ হলে, অপর সংখ্যাটি কত?  
উত্তর : ৩৩।
৩. দুইটি সংখ্যার ভাগফল ৮, একটি সংখ্যা ৪ হলে, অপর সংখ্যাটি কত?  
উত্তর : ৩২।

## তৃতীয় অধ্যায়ঃ চার প্রক্রিয়া সম্পর্কিত সমস্যাবলি

ঐকিক নিয়মঃ গণিতের সমস্যাবলি সমাধান করার ক্ষেত্রে প্রথমে একটির মান বের করে সমস্যা সমাধান করার নিয়ম হলো ঐকিক নিয়ম।

### ধরণ-১\*\*\*\*

১.  $২০ \div (৫ \times ২) = ?$   
উত্তর : ২।
২.  $৩১ - (৩ \times ২) + ২৫ =$  কত?  
উত্তর : ৫০।
৩. হিসাব কর :  $(২৪ - ১৮) \div ৩ \times ২$   
উত্তর : ৪
৪.  $৭ + \{৫৪ \div (৪ + ২)\} \times ২ =$  কত?  
উত্তর : ২৫
৫.  $\{৯ - (৪ \div ৯ - ৩)\} \times ২ - ৫ =$  কত?  
উত্তর : ৯।
৬.  $৮ - \{(২৪ + ১২) \div ১৮ + ৬\} =$  কত?  
উত্তর : ০।
৭.  $২৪ - ৩ \times ২ \div ২ =$  কত?  
উত্তর : ২১।

### ধরণ-২ \*\*\*\*

১. রানার টাকা মলির টাকার ৪ গুণ। মলির নিকট ২০ টাকা থাকলে রানার নিকট কত টাকা আছে?  
উত্তর : ৮০ টাকা।
২. মাতার বয়স কন্যার বয়সের ৪ গুণ। তাদের বয়সের সমষ্টি কন্যার বয়সের কয়গুণ?  
উত্তর : ৫ গুণ।
৩. কন্যার বয়স ১৮ বছর। মাতার বয়স কন্যার বয়সের ২ গুণ হলে, মাতার বয়স কত বছর?  
উত্তর : ৩৬ বছর।

### ধরণ-৩ \*\*\*

১. একটি পেন্সিলের দাম ৮ টাকা হলে ২৪টি পেন্সিলের দাম কত?  
উত্তর : ১৯২ টাকা।
২. শিমু ৮০ টাকা দিয়ে ৪টি খাতা কিনলে এরূপ ৮টি খাতার দাম কত?  
উত্তর : ১৬০ টাকা।
৩. ৯টি ডিমের দাম ৭২ টাকা হলে ১টি ডিমের দাম কত?  
উত্তর : ৮ টাকা।
৪. ৪টি কলমের দাম ৪৪ টাকা হলে, ৬টি কলমের দাম কত?  
উত্তর : ৬৬ টাকা।
৫. ৪টি ডাবের দাম ১৬০ টাকা হলে, ৫টি ডাবের দাম কত?  
উত্তর : ৬৬ টাকা।

৬. একটি পেন্সিলের ওজন ৫০০ গ্রাম হলে, এরূপ ২টি পেন্সিলের ওজন কত কেজি?  
উত্তর : ১ কেজি।
৭. ৬টি পেন্সিলের দাম ৩০ টাকা হলে ১০টি পেন্সিলের দাম কত?  
উত্তর : ৫০ টাকা।
৮. এক ডজন লেবুর দাম ৬০ টাকা হলে, ৪টি লেবুর দাম কত?  
উত্তর : ২০ টাকা।
৯. এক ব্যক্তি জানুয়ারী মাসে ৬২০০ টাকা আয় করেন। ঐ মাসে ঐ ব্যক্তির দৈনিক আয় কত টাকা?  
উত্তর : ২০০ টাকা।

### ধরণ-৪\*\*\*

১. পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে কোন সংখ্যাটি পাওয়া যাবে?  
উত্তর : ৯৯৯৯।
২. তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে কোন সংখ্যাটি পাওয়া যাবে?  
উত্তর : ৯৯।
৩. তিন অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে ১ যোগ করলে কোন সংখ্যাটি পাওয়া যাবে?  
উত্তর : ১০০০।
৪. চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে ১ যোগ করলে কোন সংখ্যাটি পাওয়া যাবে?  
উত্তর : ১০০০০।

### ধরণ-৬

৫. ৭,৫,৮,৩,০,২ দ্বারা গঠিত ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?  
উত্তর : ৬৭১৭৪২।
৬. ৬,৫,৩,০,১ দ্বারা গঠিত পাঁচ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?  
উত্তর : ৭৫৬৬৬।

### ধরণ-৬

১. মুনা অপেক্ষা রীনার ৫০ টাকা বেশি আছে। রীনা অপেক্ষা রানার ২০ টাকা কম আছে। কার কাছে সবচেয়ে বেশি টাকা আছে?  
উত্তর : রীনার কাছে।

## তৃতীয় অধ্যায় : চার প্রক্রিয়া সম্পর্কিত সমস্যাবলি

### ধরণ-১\*\*\*\*\*

১. ৩টি মোবাইল ফোন ও ২টি টেলিভিশনের দাম একত্রে ৯৮,০০০ টাকা। ১টি মোবাইল ফোনের দাম ১১৭৫০ টাকা।  
ক) ৩টি মোবাইল ফোনের দাম কত?  
খ) ১টি টেলিভিশনের দাম কত?  
গ) ১টি টেলিভিশন ও ১টি মোবাইল ফোনের দামের পার্থক্য কত?
২. ১৫টি পেন্সিল এবং ১২টি কলমের দাম একত্রে ২৭৬ টাকা। ২টি কলমের দাম ১৬ টাকা।  
ক) ১২টি কলমের দাম কত?  
খ) ১৫টি পেন্সিলের দাম কত?  
গ) ১০টি পেন্সিল কিনতে কত টাকা লাগবে?
৩. ১৫টি শার্ট ও ১২টি প্যান্টের মূল্য একত্রে ১৪৫৫০ টাকা। একটি শার্টের মূল্য ৪৫০ টাকা।  
ক) ১৫ টি শার্ট এর মূল্য কত?  
খ) ১টি প্যান্টের মূল্য কত?  
গ) ৩২৫০ টাকায় কয়টি প্যান্ট কেনা যাবে?
৪. ৫টি পেন্সিল ও ১২টি কলমের দাম একত্রে ২৭৬ টাকা। ২টি কলমের দাম ১৬ টাকা।  
ক) ১২টি কলমের দাম কত?  
খ) ১৫টি পেন্সিলের দাম কত?  
গ) ১০টি পেন্সিল কিনতে কত টাকা লাগবে?
৫. মিনা ২৬৪ টাকা দিয়ে ৮টি খাতা ও ৬টি কলম কিনল। একটি কলমের দাম ১২ টাকা।  
ক) ১টি খাতার দাম কত?  
খ) ১৫টি খাতা কিনতে তার কত টাকা লাগবে?  
গ) ৮টি খাতা ও ৬টি কলমের দামের পার্থক্য কত টাকা?

### ধরণ-২\*\*\*\*\*

১. দীনা ও বীণার একত্রে ৯৫০ টাকা আছে। দীনার চেয়ে বীণার ৫৪ টাকা বেশি আছে।  
ক) তাদের প্রত্যেকের কত টাকা আছে?  
খ) যদি বীণার চেয়ে দীনার ৫০ টাকা বেশি থাকত, তাহলে প্রত্যেকের টাকার পরিমাণ কত হতো?
২. স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে রনি, মারুফ ও মাহিন অংশগ্রহণ করে। মারুফ ও মাহিন একত্রে ৫৩২ ভোট পেল। মারুফ মাহিন অপেক্ষা ১৮ ভোট কম পেল।

- ক) মারুফ কত ভোট পেল?
- খ) মাহিন কত ভোট পেল?
- গ) রনি অপেক্ষা মারুফ ৩৭ ভোট বেশি পেলে সে কত ভোট পেল?

### অন্যান্য ধরণ

১. মাতা ও কন্যার বয়সের সমষ্টি ৭৬ বছর। মাতার বয়স কন্যার বয়সের ৩ গুণ।  
ক) কন্যার বয়স কত?  
খ) মাতার বয়স কত?  
গ) ১০ বছর পর মাতা ও কন্যার বয়সের সমষ্টি কত হবে?
২. একটি ছাত্রাবাসে ৪০০ জন ছাত্রের ১৫ দিনের খাবার আছে। ৫ দিন পর কিছু ছাত্র অন্যত্র চলে যাওয়ায় বাকি খাদ্য তাদের ১৫ দিন চললো।  
ক) ৫ দিন পর ৪০০ জন ছাত্রের কতদিনের খাদ্য ছিল?  
খ) ১ জনের খাদ্য বাবদ প্রতিদিন ২৭৫ টাকা খরচ হলে, ছাত্রাবাসে খাদ্য বাবদ প্রতিদিন কত টাকা লাগবে?  
গ) ৫ দিন পর উক্ত খাদ্যে ১০০ জনের কতদিন চলবে?
৩. ১০ জন একটি কাজ ১৫ দিনে করতে পারে এবং প্রত্যেকে ৫০০ টাকা মজুরী পায়।  
ক) ১ জন কাজটি কত দিনে করতে পারবে?  
খ) ১০ জন একত্রে কত টাকা মজুরী পায়?  
গ) ৫ দিনে কাজটি শেষ করতে চাইলে কত টাকা প্রয়োজন?
৪. জালাল সাহেবের মাসিক আয় ৮৫০০ টাকা। তিনি প্রতি মাসে ৩১০০ টাকা বাড়ি ভাড়া ও ৪৫০০ টাকা অন্যান্য বাবদ খরচ করেন। বাকি টাকা ব্যাংকে জমা রাখেন।  
ক) বাড়ি ভাড়া ও অন্যান্য বাবদ তিনি মাসে কত টাকা খরচ করেন?  
খ) তিনি প্রতি মাসে কত টাকা ব্যাংকে জমা রাখেন?  
গ) তিনি ১ বছরে কত টাকা ব্যাংকে জমা রাখেন?
৫. জালাল সাহেব প্রতি কেজি ৪৫ টাকা দরে ২২৫০ টাকার চাল কিনলেন।  
ক) জালাল সাহেব কত টাকার চাল কিনলেন?  
খ) তিনি যদি অর্ধেক পরিমাণ চাল কিনতেন তবে কত টাকা লাগত?  
গ) যদি চালের দর দ্বিগুণ হয় তবে ২২৫০ টাকায় কত কেজি চাল কেনা যাবে?